শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০১০.২০-১৫৮

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
০৭ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: নরসিংদী জেলার বেলাব উপজেলা পরিষদের চেয়ারম্যান পদ শূন্য হওয়ায় উপনির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার নম্বর-১০৮, তারিখ: ১৪/০২/২০২১ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নরসিংদী জেলার বেলাব উপজেলা পরিষদের চেয়ারম্যান (অপসারণকৃত) জনাব মোহাম্মদ সমসের জামান ভূইয়া (রিটন)-কে উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(২) ধারা এবং উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ-শূন্যতা) বিধিমালা, ২০১৬ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ১৪/০২/২০২১ তারিখের ১০৮ নং প্রজ্ঞাপনে স্বীয় পদ হতে অপসারণ করে পদটি শূন্য ঘোষণা করা হয়। উক্ত বিষয়টি বাংলাদেশ গেজেটে (২০২১ সনের ৮নং গেজেট, তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ) প্রকাশিত হয়। উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] অনুযায়ী উক্ত পদে উপনির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকাশিত গেজেটের কপি নির্দেশক্রমে এতদ্‌সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৭/০৩/২০২১.

(মোহাম্মদ সামছুল হক)
উপসচিব
ফোন: ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, নরসিংদী।
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপজেলা নির্বাহী অফিসার, বেলাব, নরসিংদী।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বেলাব, নরসিংদী।
৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

D:\PC-2\Letter.docx

-৬০-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর- ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০১০.২০-১০৮

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৭ / ১৪ ফেব্রুয়ারি ২০২১

প্রজ্ঞাপন

যেহেতু নরসিংদী জেলার বেলাব উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোহাম্মদ সমসের জামান ভূইয়া (রিটন) বেলাব উপজেলা পরিষদের ২ (দুই) জন ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, ভ্রমণ ভাতা ও আপ্যায়ন ভাতার মোট ৭৪,৩৬৬.০০ (চুয়াত্তর হাজার তিনশত ছেষট্টি) টাকা ৫টি চেকের মাধ্যমে নিয়ম বহির্ভূতভাবে উত্তোলনপূর্বক আত্মসাৎ করেছেন; এবং

যেহেতু উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(গ) ধারা লংঘিত হয়েছে;

সেহেতু সরকার জনস্বার্থে তাকে তার স্বীয় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, নরসিংদী জেলার বেলাব উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোহাম্মদ সমসের জামান ভূইয়া (রিটন) কর্তৃক নিয়ম বহির্ভূতভাবে অর্থ আত্মসাতের বিষয়টি বিভাগীয় কমিশনারের তদন্তে প্রমাণিত হওয়ায় উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(২) ধারা এবং উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ-শূন্যতা) বিধিমালা, ২০১৬ মোতাবেক তাকে স্বীয় পদ হতে অপসারণ করে পদটি শূন্য ঘোষণা করা হলো এবং বেলাব উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান-১ জনাব মো: মনিরুজ্জামান ভূঁইয়া জাহাঙ্গীর-কে উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনার জন্য পরিষদের আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

14/02/2021

(মোহাম্মদ সামছুল হক)
উপসচিব
ফোন: ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

নম্বর- ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০১০.২০-১০৮

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৭ / ১৪ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জেলা প্রশাসক, নরসিংদী।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী।
৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৮। উপজেলা নির্বাহী অফিসার, বেলাব, নরসিংদী।
৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বেলাব, নরসিংদী।
১১। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নরসিংদী/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বেলাব, নরসিংদী।
১২। জনাব মো: মনিরুজ্জামান ভূঁইয়া জাহাঙ্গীর, ভাইস চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, বেলাব, নরসিংদী।
১৩। জনাব মোহাম্মদ সমসের জামান ভূইয়া (রিটন), চেয়ারম্যান (অপসারণকৃত), উপজেলা পরিষদ, বেলাব, নরসিংদী।
১৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

14/02/2021.

(মোহাম্মদ সামছুল হক)
উপসচিব

D:\PC-2\Letter.docx

০১৮

রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২১ সনের ৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৫, ২০২১

সূচিপত্র

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১১৩—১৪৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৫৩—১৬০ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৯—৫১ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৯৭—২২০ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |

## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### জনপ্রশাসন মন্ত্রণালয়
### বিধি-৪ শাখা
### প্রজ্ঞাপন

তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪২৭/৭ ডিসেম্বর ২০২০

নং০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১৮-৩০৩—Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule 1 of The Rules of Business, 1996)(Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক নিম্নবর্ণিত (ক) ১০টি উপজেলা পরিষদের চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান পদের উপনির্বাচন (খ) ৫টি পৌরসভার সাধারণ নির্বাচন এবং (গ) ৬টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন ও ৭টি ইউনিয়ন পরিষদের শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন ১০ ডিসেম্বর, ২০২০ তারিখ বৃহস্পতিবার সাধারণ ছুটি ব্যতীত নির্বাচনী এলাকাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ও স্থাপনা ভোটকেন্দ্র হিসাবে ব্যবহার বা নির্বাচনী কার্যক্রমের জন্য নির্ধারণ করা হয়েছে, সেগুলো বন্ধ ঘোষণা করা হলো। তাছাড়া সংশ্লিষ্ট নির্বাচনী উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন এবং পার্শ্ববর্তী ইউনিয়ন/পৌরসভা/উপজেলা/জেলাধীন অন্যান্য দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠানে কর্মরত ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

(ক) অনুষ্ঠিতব্য ১০টি উপজেলা পরিষদের চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান পদের উপনির্বাচনের তথ্য :

| ক্রঃ নং | জেলা | উপজেলা | পদ |
|---|---|---|---|
| ১. | বগুড়া | শেরপুর | মহিলা ভাইস চেয়ারম্যান |
| ২. | নওগাঁ | রাণীনগর | চেয়ারম্যান |
| ৩. | পাবনা | ঈশ্বরদী | চেয়ারম্যান |
| ৪. | | বেড়া | চেয়ারম্যান |
| ৫. | সাতক্ষীরা | দেবহাটা | চেয়ারম্যান |
| ৬. | যশোর | বাঘারপাড়া | চেয়ারম্যান |
| ৭. | | সদর | মহিলা ভাইস চেয়ারম্যান |
| ৮. | রাজবাড়ী | গোয়ালন্দ | চেয়ারম্যান |
| ৯. | নোয়াখালী | বেগমগঞ্জ | চেয়ারম্যান |
| ১০. | কুমিল্লা | ব্রাহ্মণপাড়া | চেয়ারম্যান |

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

| ক্রঃ নং | বিষয় | কার্যক্রম | বাস্তবায়নকারী/বিভাগ/সংস্থা/অন্যান্য | বাস্তবায়ন কাল |
|---|---|---|---|---|
| ১০। | পরিবেশ সুরক্ষা (৪.১.১০) | পরিবেশ সংরক্ষণ আইন প্রতিপালন/জলবায়ু পরিবর্তন প্রশমন/ভূমি ও পানি দূষণ রোধ, নদী ও জলাভূমির জীব বৈচিত্র, প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, সচেতনা বৃদ্ধিরকার্যক্রম গ্রহণ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/পরিবেশ অধিদপ্তর/শিল্প মন্ত্রণালয়/বিএসইসি/নৌপরিবহন অধিদপ্তর/জাহাজ নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহ/সংশ্লিষ্ট বিভাগ/বেসরকারি সংগঠন | ২০২১-২০২৬ |
| ১১। | অত্যাধুনিক প্রযুক্তি ও আধুনিকায়ন (৪.১.১৪) | জাহাজ নির্মাণ/মেরামত ক্ষেত্রে সর্বাধুনিক প্রযুক্তি উদ্ভাবন/প্রয়োগ অনুসরণ/অনুমোদন/গবেষণা/শিক্ষা/ প্রশিক্ষণ/কর্মশালা/ভেঞ্চার/বিনিয়োগ উৎসাহিত করা | শিল্প মন্ত্রণালয়/নৌপরিবহন মন্ত্রণালয়/বন্দর কর্তৃপক্ষ/নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহ/বাণিজ্য মন্ত্রণালয়/বাংলাদেশ ট্যারিফ কমিশন | ২০২১-২০২৬ |
| ১২। | দক্ষতা বৃদ্ধি (৫.৯) | দক্ষ কর্মী বাহিনী সৃষ্টিতে প্রশিক্ষণ/অধ্যয়ন গবেষণা/কর্মশালা/প্রয়োগিক কর্মসূচি গ্রহণ | অর্থ বিভাগ/নৌপরিবহন মন্ত্রণালয়/এনএসডিএ/জাহাজ নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহ/শিল্প মন্ত্রণালয়/বাংলাদেশ ট্যারিফ কমিশন/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/কারিগরি শিক্ষা অধিদপ্তর | ২০২১-২০২৬ |
| ১৩। | বাস্তবায়ন/পরিবীক্ষণ/মূল্যায়ন (৬.৩.২) | দক্ষতা যাচাই/জনবল সৃষ্টি/আধুনিকায়ন/বিনিয়োগ/ পরিবেশ পর্যালোচনা ও তথ্য উপাত্ত সংগ্রহ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ | এনএসডিএ/নৌপরিবহন মন্ত্রণালয়/অর্থ বিভাগ/পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/শিল্প মন্ত্রণালয়/জাহাজ নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহ/বাংলাদেশ ব্যাংক/জাতীয় রাজস্ব বোর্ড/পরিবেশ অধিদপ্তর/সংশ্লিষ্ট বিভাগ/সংস্থা | ২০২১-২০২৬ |

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**উপজেলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০১ ফাল্গুন ১৪২৭/১৪ ফেব্রুয়ারি ২০২১

নং ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০১০.২০-১০৮—যেহেতু নরসিংদী জেলার বেলাব উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোহাম্মদ সমসের জামান ভূইয়া (রিটন) বেলাব উপজেলা পরিষদের ২(দুই) জন ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, ভ্রমণ ভাতা ও আপ্যায়ন ভাতার মোট ৭৪,৩৬৬.০০ (চুয়াত্তর হাজার তিনশত ছেষট্টি) টাকা ৫টি চেকের মাধ্যমে নিয়ম বহির্ভুতভাবে উত্তোলনপূর্বক আত্মসাৎ করেছেন; এবং

যেহেতু উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(গ) ধারা লংঘিত হয়েছে;

সেহেতু সরকার জনস্বার্থে তাকে তার স্বীয় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, নরসিংদী জেলার বেলাব উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোহাম্মদ সমসের জামান ভূইয়া (রিটন) কর্তৃক নিয়ম বহির্ভুতভাবে অর্থ আত্মসাতের বিষয়টি বিভাগীয় কমিশনারের তদন্তে প্রমাণিত হওয়ায় উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(২) ধারা এবং উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ-শূন্যতা) বিধিমালা, ২০১৬ মোতাবেক তাকে স্বীয় পদ হতে অপসারণ করে পদটি শূন্য ঘোষণা করা হলো এবং বেলাব উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান-১ জনাব মোঃ মনিরুজ্জামান ভূঁইয়া জাহাঙ্গীর-কে উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনার জন্য পরিষদের আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

নং ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০৩২.২০-১১০—যেহেতু চট্টগ্রাম জেলার রাউজান উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফৌজিয়া খানম 'উপজেলা পরিষদের পরিকল্পনা ও সেবা প্রদান' সম্পর্কিত মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকারী জনপ্রতিনিধি ও বিভিন্ন সরকারি কর্মকর্তাগণকে অকথ্য ভাষায় গালমন্দ, অশালীন ও কুরুচিপূর্ণ মন্তব্যসহ ঔদ্ধত্যপূর্ণ অসদাচরণ করেছেন; এবং

যেহেতু উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(গ) ধারা লংঘিত হয়েছে;

সেহেতু সরকার জনস্বার্থে তাকে তার স্বীয় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, চট্টগ্রাম জেলার রাউজান উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফৌজিয়া খানম কর্তৃক সরকারি কর্মকর্তা ও জনপ্রতিনিধির সাথে অসংগত আচরণ করার বিষয়টি বিভাগীয় কমিশনারের তদন্তে প্রমাণিত হওয়ায় উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(২) ধারা এবং উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ-শূন্যতা) বিধিমালা, ২০১৬ মোতাবেক তাকে স্বীয় পদ হতে অপসারণ করে পদটি শূন্য ঘোষণা করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সামছুল হক**
উপসচিব।